GEORGE TELEGRAPH
SINCE 1920
www.georgetelegraph.com

# জর্জ বুলেটিন

সংখ্যা ঃ ১২ ● ১৫ ফেব্রুয়ারি ২০২৫

## জর্জ টেলিগ্রাফের উদ্যোগে মহিলাদের দ্বারা পরিচালিত ট্রেনিং সেন্টার

সবসময়ই বিকল্প ও ব্যতিক্রমী কিছু ভাবতে পারে জর্জ টেলিগ্রাফ। এবারও তারা মহিলাদের দ্বারা পরিচালিত মহিলাদের ট্রেনিং সেন্টারের ভাবনা নিয়ে এসেছে। মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্যেই এমন অভিনব উদ্যোগ। বিশেষ ট্রেনিং কর্মসূচির মাধ্যমে তাঁদের আত্মনির্ভর হওয়ার দিশা দেখানো হবে।

মূলত দুটি শাখায় এই প্রশিক্ষণ কর্মসূচি নেওয়া হয়েছে। কোর্সের নাম দেওয়া হয়েছে, জর্জ টেলিগ্রাফ সেন্টার অফ উইমেন এম্পাওয়ারমেন্ট। কালীঘাট এসপি মুখার্জি রোডে ভবানীপুর শাখায় এটি হবে। দ্বিতীয় সেন্টার কোন্নগর এসসি চ্যাটার্জি স্ট্রিট ইন্দ্রপুরী অ্যাপার্টমেন্টে।

১৮ বছরের উর্ধ্বে নূন্যতম মাধ্যমিক পাস করলেই এই কোর্সে ভর্তি হওয়া যাবে। এই কোর্সে শেখানো হবে মেডিকেল সেলস রিপ্রেজেন্টেটিভ, ফ্রন্ট অফিস অ্যাসোসিয়েট, ডিপ্লোমা ইন কসমেটোলজি, সার্টিফিকেট ইন অ্যাসিস্ট্যান্ট নেল টেকনিশিয়ান, টেলিকম কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ, সার্টিফিকেট ইন হেয়ার ড্রেসিং অ্যান্ড স্টাইল, সার্টিফিকেট ইন প্রফেশনাল মেকআপ আর্টিস্ট, প্রফেশনাল ডিপ্লোমা ইন ফাইনান্স অ্যান্ড অ্যাকাউন্টস, বিজনেস অ্যানালিটিক্স উইথ জেন আই।

একেকটি কোর্সের বিশেষজ্ঞদের দ্বারা সাজানো থিওরি পেপার ও প্র্যাক্টিক্যালের বিশেষ ব্যবস্থা থাকবে। আধুনিক সরঞ্জাম হাতে কাজ শিখে নেওয়ার সুযোগ থাকবে। বিভিন্ন ইন্ডাস্ট্রিতে যোগ্যতা অনুযায়ী কাজের সুযোগ করে দেওয়া হবে। কোর্স শেষে স্বীকৃত সার্টিফিকেট প্রদান করা হবে।




## জর্জ টেলিগ্রাফের বিশেষ ট্রেনিং কর্মসূচি ও কর্মসংস্থানের দিশা



জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট স্মার্ট টি প্রকল্পে উন্নত প্রশিক্ষণ কর্মসূচি ও জীবিকা নির্বাহের জন্য টেক মাহীন্দ্রা ফাউন্ডেশনের সঙ্গে যুক্ত হয়েছে। এখানে বিশেষ করে শিক্ষার্থীদের স্কিল- ডেভলপমেন্টের জন্য আধুনিক প্রশিক্ষণ দেওয়া হবে। বয়সের সীমা ১৮ - ২৮। এমনভাবে প্রশিক্ষণ কর্মসূচি রূপায়ণ করা হবে যেখানে শিক্ষার্থীদের সাম্প্রতিক শিল্প জগৎ সম্পর্কে সুস্পষ্ট ধারণা গড়ে ওঠে। এই প্রশিক্ষণ চলবে সোনারপুর ও কলকাতার কেন্দ্রগুলিতে।

এমনকী মহিলাদের ক্ষমতায়ন ও তাদের সামগ্রিক উন্নতির কথা ভেবে বিশেষ ট্রেনিং কর্মসূচিও এই তালিকায় রয়েছে। ৩০০ জন অনগ্রসর যুব শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনাও নেওয়া হয়েছে। বোকারো, পুণে, মুম্বই ও জম্মু এই সেন্টারগুলিতে কাজ হবে। জর্জ টেলিগ্রাফ এই সম্পর্কিত বিষয়ে এম জাংশন সার্ভিস লিমিটেডের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে।

সিএসআর (Corporate Social Responsibilty) কেন্দ্র সরকারের এই প্রকল্পকে সামনে রেখে জর্জ টেলিগ্রাফ বহু কর্মসূচি গ্রহণ করেছে। এগুলিও তারমধ্যে অন্যতম। সাক্ষম নামে একটি প্রকল্পেও কর্মসংস্থানের লক্ষ্যে উন্নত ট্রেনিংয়ের কথা বলা হয়েছে। গ্রেটার নয়ডায় আয়োজিত এই প্রশিক্ষণ কর্মশালায় যোগ দেবেন প্রায় দুশোর মতো যুব মহিলা ও পুরুষ। নয়ডা পাওয়ার কর্পোরেশন লিমিটেডের সঙ্গে চুক্তি করে জর্জ কলেজ অফ ম্যানেজমেন্ট অ্যান্ড সায়েন্স এই স্কিল-ডেভলপমেন্ট কর্মসূচিতে নিজেদের নিয়োজিত রাখবে।

বাল রক্ষা ভারত এই প্রকল্পেও সামিল জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট। নিউ হরিজন এই প্রজেক্টে ১৮-২৪ বছরের অনগ্রসর যুব পুরুষ ও মহিলা শিক্ষার্থীদের এই কর্মকাণ্ডে বিশেষ আধুনিক প্রশিক্ষণ দেওয়া হবে। কলকাতার পার্ক স্ট্রিট, রুবি ও সোনারপুর সেন্টারে এই ট্রেনিং কর্মসূচি চলবে। স্মাইল এই প্রকল্পে জর্জ টেলিগ্রাফ চুক্তিবদ্ধ হয়েছে মিডিয়া অ্যান্ড স্কিল কাউন্সিলের সঙ্গে। এই প্রক্ষিক্ষণ পর্যায়ে রূপান্তরকামীদের বিশেষ ট্রেনিং চলবে মিডিয়া ও এন্টারটেইনমেন্ট ডোমেন নিয়ে। সোশ্যাল মিডিয়ার রমরমার যুগে একটা ওয়েবসাইটের ডেভলপমেন্ট কীভাবে সম্ভব, এই প্রশিক্ষণ কর্মসূচিতে বুঝিয়ে দেওয়া হবে শিক্ষার্থীদের। সব ক'টি প্রকল্পে কী করে শিক্ষার্থীরা উন্নত প্রশিক্ষণ নিয়ে কর্মসংস্থানের পথে এগিয়ে যেতে পারে, সেটাই মূল লক্ষ্য।

